অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/21/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 26টি বড় মাত্রার, ভূমিতে অবস্থিত রিনিউয়েবল এনার্জি প্রজেক্টের চুক্তি এক্সিকিউট করার ঘোষণা দিলেন

প্রজেক্টগুলি 2.5 গিগাওয়াটের বেশি স্থানীয়ভাবে উৎপন্ন ক্লিন এনার্জি দিবে এবং 6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ তৈরি করবে

সমতার সাথে ক্লিন এনার্জি ডেভেলপমেন্ট, গ্রিডের দৃঢ়তা, এবং অর্থনৈতিক বিকাশের ব্যাপারে স্টেটের প্রতিশ্রুতিকে জোরদার করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 26টি বড় মাত্রার, ভূমিতে অবস্থিত রিনিউয়েবল এনার্জি প্রজেক্টের চুক্তি এক্সিকিউট করা হয়েছে, যেগুলি কাজ শেষ হলে 2.5 গিগাওয়াটের বেশি ক্লিন এনার্জি দিতে পারবে যা পুরো নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) 670,000-এর বেশি বাসায় পাওয়ার দেওয়ার জন্য যথেষ্ট। প্রজেক্টগুলি শীঘ্রই 1,900টির বেশি পরিবার সমর্থন করার মতো চাকরি তৈরি করবে এবং 6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ তৈরি করবে বলে আশা করা যাচ্ছে এবং একই সাথে স্থানীয়ভাবে উৎপন্ন ক্লিন এনার্জি, গ্রিডের দৃঢ়তা, এবং অর্থনৈতিক বিকাশের ব্যাপারে স্টেটের প্রতিশ্রুতিকে জোরদার করবে।

"নিউ ইয়র্ক ক্লিন এনার্জি ইন্ডাস্ট্রির জন্য প্রতিযোগিতামূলক সুযোগ তৈরি করছে, এবং আমাদের বেসরকারি পার্টনারদের একই প্রতিশ্রুতি ছাড়া আমরা এটি করতে পারতাম না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একটি জিরো-এমিশনের ইলেক্ট্রিসিটি সিস্টেমে বদলে যেতে এবং আমাদের সবুজ অর্থনীতির গতিবেগ অগ্রসর রাখতে নিউ ইয়র্কের পরিকল্পনার ভিত্তির অংশ হলো রিনিউয়েবল এনার্জির অগ্রগতি।"

চুক্তিগুলি হলো নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) 2024 টিয়ার 1 রিনিউয়েবল এনার্জি স্ট্যান্ডার্ডের (2024 Tier 1 Renewable Energy Standard) জন্য আবেদনের অনুরোধের ফলাফল। নির্মাণ কাজ শেষ হলে এই প্রজেক্টগুলি বছরে আনুমানিক 5,000 গিগাওয়াট-ঘন্টা উৎপাদন করবে, যা 670,000টির বেশি বাসাকে পাওয়ার দেওয়ার জন্য যথেষ্ট, ক্ষতিকর বায়ু দূষকের সংস্পর্শ কমে যাওয়ার ফলে জনগণের স্বাস্থ্যের জন্য লাভজনক হবে; এবং ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের (Climate Justice Working Group) সংজ্ঞা অনুযায়ী সুবিধাবঞ্চিত কমিউনিটির জন্য দীর্ঘমেয়াদি পেমেন্ট থেকে শুরু করে কমিউনিটির বেনিফিট তহবিল পর্যন্ত মোট 300 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়ার প্রতিশ্রুতি করবে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথোরিটির প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন, "নিউ ইয়র্ক ক্লিন এনার্জি অর্থনীতিতে বদলে যাচ্ছে, এই সময়ে আমরা এই 26টি প্রজেক্ট এবং তারা যে উল্লেখযোগ্য এনার্জি দিবে তা উদযাপন করছি। ক্লিন এনার্জি প্রজেক্টের গতি বাড়াতে নিউ ইয়র্ক নতুন অনেক কিছু তৈরি করে চলেছে, ক্লিন এনার্জির

চাকরি অগ্রসর করছে, এবং ব্যবসা এবং আমাদের পুরো স্টেটে আমাদের স্থানীয় কমিউনিটির জন্য অর্থনৈতিক বিকাশের সুযোগ তৈরি করে দিচ্ছে।"

চুক্তি হওয়া প্রজেক্টগুলির মধ্যে আছে:

রাজধানী অঞ্চল

- Dolan Solar, ওয়াশিংটন (Washington) কাউন্টি
- Hawthorn Solar, রেনসেলার (Rensselaer) কাউন্টি
- Somers Solar, ওয়াশিংটন কাউন্টি
- Shepherd's Run Solar প্রজেক্ট, কলাম্বিয়া (Columbia) কাউন্টি

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- Agricola Wind, ক্যাইয়ুগা (Cayuga) কাউন্টি
- Homer Solar Energy Center, কর্টল্যান্ড (Cortland) কাউন্টি

ফিঙ্গার লেকস

- Highbanks Solar, লিভিংস্টোন (Livingston) কাউন্টি
- Horseshoe Solar Energy Center, লিভিংস্টোন এবং মনরো (Monroe) কাউন্টি
- Valcour Bliss Windpark, ওয়াইয়োমিং (Wyoming) কাউন্টি

মোহক ভ্যালি

- Dolgeville Hydro, হারকাইমার (Herkimer) কাউন্টি
- Flat Creek Solar, মন্টগোমারি (Montgomery) কাউন্টি
- Mill Point Solar I, মন্টগোমারি কাউন্টি
- Skyline Solar, ওনিডা (Oneida) কাউন্টি

নর্থ কান্ট্রি

- ELP Ticonderoga Solar, এসেক্স (Essex) কাউন্টি
- Fort Covington Solar Farm, ফ্র্যাঙ্কলিন (Franklin) কাউন্টি
- Lyons Falls Mill Repower, লুইস (Lewis) কাউন্টি
- Tracy Solar Energy Center, জেফার্সন (Jefferson) কাউন্টি
- Two Rivers Solar Farm, সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টি
- Valcour Altona Windpark, ক্লিন্টন (Clinton) কাউন্টি
- Valcour Clinton Windpark, ক্লিন্টন কাউন্টি

সাউদার্ন টিয়ার

- High Bridge Wind, শেনাঙ্গো (Chenango) কাউন্টি
- Prattsburgh Wind Farm, স্টুবেন (Steuben) কাউন্টি
- Yellow Barn Solar, টম্পকিনস (Tompkins) কাউন্টি

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- Moraine Solar Energy Center, অ্যালেগানি (Allegany) কাউন্টি
- South Ripley Solar, শ্যাটাকোয়া (Chautauqua) কাউন্টি
- York Run Solar, শ্যাটাকোয়া কাউন্টি

কন্ট্রাক্ট পাওয়া প্রোজেক্টের অধীনে পেমেন্ট শুরু হবে শুধু তখনই, যখন সকল আবশ্যিক অনুমতি ও অনুমোদন পাওয়ার পর প্রোজেক্ট গঠিত হয়ে যাবে এবং নিউ ইয়র্কে রিনিউয়েবল এনার্জি দেওয়া শুরু হবে। একাধিক প্রজেক্ট ইতিমধ্যে নির্মাণের কাজ শুরু করেছে। সবগুলি প্রজেক্ট 2029 সালের মধ্যে সক্রিয় হবে বলে আশা করা যাচ্ছে।

এছাড়াও স্টেট প্রকল্প নির্মিত হচ্ছে এমন কমিউনিটিকে জড়িত করার উপর জোর দিতে থাকবে। নিজেদের কমিউনিটিতে দায়িত্বশীল ক্লিন এনার্জি ডেভেলপমেন্ট কীভাবে ব্যবস্থাপনা করতে হবে তা বুঝাতে NYSERDA স্থানীয় সরকারগুলিকে বিনামূল্যে রিসোর্স এবং টেকনিক্যাল সহায়তা দিয়ে থাকে, যার মধ্যে আছে নতুন ক্লিন এনার্জি প্রজেক্টের সমন্বয়, অনুমতির প্রক্রিয়া, সম্পত্তির ট্যাক্স, সাইটিং, জোনিং ইত্যাদির জন্য ধাপে-ধাপে নির্দেশাবলী এবং সরঞ্জাম।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Department of Public Service) CEO Rory M. Christian (ররি এম ক্রিস্টিয়ান) বলেন, "আমরা নিউ ইয়র্ক স্টেটকে একটি ক্লিন এনার্জির অর্থনীতির দিকে অগ্রসর করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির প্রশংসা করছি। আজকে ঘোষিত প্রজেক্টগুলি ক্লিন এনার্জির চাকরি তৈরি শুরু করবে এবং একই সাথে নিউ ইয়র্ক স্টেটে অর্থনৈতিক বিকাশ সুযোগকে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) ভারপ্রাপ্ত কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "এইসব বড় আকারের রিনিউয়েবল এনার্জি প্রজেক্ট দেখায় যে কীভাবে আরো স্বাস্থ্যকর কমিউনিটি এবং আরো শক্তিশালী অর্থনীতি গঠন করার জন্য ক্লিন এনার্জি এবং চাকরি তৈরি একই সাথে সম্ভব করতে হয়। NYSERDA-এর মাধ্যমে চুক্তির অধীনে থাকা দুই ডজনের বেশি প্রজেক্ট রিনিউয়েবল পাওয়ার এবং বেসরকারি বিনিয়োগ তৈরি করবে যা পাওয়ারের উৎসের দূষণকে কম করার জন্য চলমান উল্লেখযোগ্য অগ্রগতিকে চালিয়ে যেতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের (Department of Labor) কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "ক্লিন এনার্জি খাতে আমাদের স্টেটকে শীর্ষে ধরে রাখার জন্য এবং পুরো স্টেটে নিউ ইয়র্কবাসীর জন্য দারুণ ক্যারিয়ারের সুযোগ তৈরি করতে থাকার জন্য গভর্নর Hochul-কে (হোকল) আমি ধন্যবাদ জানাচ্ছি। এই বিনিয়োগগুলি নিউ ইয়র্ক স্টেটের জন্য আরো এনার্জি এফিশিয়েন্ট এবং পরিবেশবান্ধব ভবিষ্যৎ গঠন করতে থাকবে।"

স্টেটের সিনেটর Kevin Parker (কেভিন পার্কার) বলেন, "সিনেটের এনার্জি অ্যান্ড টেলিকমিউনিকেশন্স কমিটির প্রধান হিসেবে NYSERDA-এর সাথে কাজ করতে পেরে আমি গর্বিত, তারা নিউ ইয়র্কের ক্লিন এনার্জির ভবিষ্যতকে অগ্রসর করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ পার্টনার। তহবিল দেওয়া এবং নতুন ধরণের প্রোগ্রামের ব্যাপারে তাদের ধারাবাহিক নেতৃত্ব Climate Leadership and Community Protection Act (CLCPA)-এর লক্ষ্য অর্জনের জন্য অতি গুরুত্বপূর্ণ। একসাথে আমরা শুধু স্টেটের ইলেকট্রিক গ্রিডকে রিনিউয়েবল এনার্জি দিয়ে শক্তিশালী করছি না, বরং এছাড়াও নিশ্চিত করছি যাতে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলি এই ট্রানজিশনের অর্থনৈতিক এবং পরিবেশগত সুবিধার ভাগ পেতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO-এর প্রেসিডেন্ট Mario Cilento (মারিও সিলেন্টো) বলেন, "নিউ ইয়র্কের রিনিউয়েবল এনার্জির লক্ষ্য অর্জনের ক্ষেত্রে আরেকটি বড় মাইলফলকের জন্য এবং একই সাথে শক্তিশালী শ্রমের স্ট্যান্ডার্ড এবং সুরক্ষা এবং Buy American পলিসি মেনে চলার জন্য গভর্নর Hochul (হোকল) এবং NYSERDA-কে অভিনন্দন। এটি ভালো ইউনিয়নের চাকরি তৈরি করবে এবং একই সাথে স্টেটের ক্লিন এনার্জি প্রোগ্রামকে বড় করবে।"

নিউ ইয়র্ক স্টেটের বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট Gary LaBarbera (গ্যারি লাবারবারা) বলেন, "রিনিউয়েবল এনার্জি প্রজেক্টগুলি নিউ ইয়র্কের জন্য বড় সুযোগের প্রতীক হয়ে থাকছে যা শুধু CLCPA-তে নির্ধারিত লক্ষ্য অর্জন করবে না বরং এছাড়াও হাজার হাজার পরিবার টিকিয়ে রাখার মতো ইউনিয়ন ক্যারিয়ার এবং অর্থনৈতিক উদ্দীপক তৈরি করবে যা আমাদের কমিউনিটি এবং মধ্যবিত্ত শ্রেণীকে নতুন শক্তি দিবে। এইসব চুক্তির এক্সিকিউশন হলো এইসব ক্লিন এনার্জি উদ্যোগের লাভ ভোগ করার ব্যাপারে একটি উল্লেখযোগ্য মাইলফলক। নিউ ইয়র্কে সবুজ ইনফ্রাস্ট্রাকচার গঠনে গভর্নর Hochul (হোকল) এবং NYSERDA-এর ধারাবাহিক প্রতিশ্রুতির জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

Alliance for Clean Energy New York-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Marguerite Wells (মার্গারিট ওয়েলস) বলেন, "স্থানীয়ভাবে উৎপন্ন রিনিউয়েবল এনার্জির সুবিধা ব্যাপক এবং অনেক ধরণের হয়ে থাকে। আমাদের ক্লিন এনার্জি ট্রানজিশনের সময় স্টেটকে নেতৃত্ব দিতে থাকার জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি, এটি শুধু বর্তমানের নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে না বরং আগামী জেনারেশনগুলির জন্যও হবে। আজকের ঘোষণাটি দেখায় যে নিউ ইয়র্কে বিনিয়োগ করার জন্য বেসরকারি নির্মাতাদের আগ্রহ অটুট আছে, এবং নিউ ইয়র্ক তাদের স্বাগত জানানোর জন্য প্রস্তুত আছে।"

New York League of Conservation Voters-এর প্রেসিডেন্ট Julie Tighe (জুলি টিঘে) বলেন, "জলবায়ু পরিবর্তন হচ্ছে এবং আমরা যদি ফসিল ফুয়েল থেকে সরে না আসি এবং আমাদের ক্লিন এনার্জি ভবিষ্যৎ সম্ভব না করি তাহলে তার প্রভাব আরো খারাপ হবে। নতুন ভূমিতে অবস্থিত রিনিউয়েবল এনার্জি প্রজেক্ট সম্পর্কে আজকের ঘোষণার অর্থ হলো আরো কম গ্রিনহাউজ গ্যাস এমিশন, আরো ভালো বাতাসের মাণ, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ভালো ইউনিয়নের চাকরি। গভর্নর Hochul-এর (হোকল) পরিবেশগত নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের ক্লিন এনার্জি লক্ষ্য পূরণে এই অগ্রগতির জন্য NYSERDA-কে অভিনন্দন জানাচ্ছি।"

Natural Resources Defense Council-এর পাওয়ার সেক্টরের ম্যানেজিং ডিরেক্টর Kit Kennedy (কিট কেনেডি) বলেন, "ক্লিন এনার্জিতে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্ব এখন আগের যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ, কারণ ফেডারেল সরকার অগ্রগতি পিছিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। আজকে গভর্নর Hochul-এর (হোকল) ঘোষিত ক্লিন এনার্জি প্রজেক্টগুলির অর্থ হলো আরো চাকরি, কমিউনিটিগুলির জন্য অর্থনৈতিক বিকাশ, স্বাস্থ্যের ক্ষতি করা বায়ু দূষণ কম করা, এবং ইলেক্ট্রিসিটি সিস্টেমের খরচ কম করা। নেতৃত্বের অর্থ এটিই। আসুন এই কাজ চালিয়ে যাওয়া যাক!"

Citizens Campaign for the Environment (CCE)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Adrienne Esposito (আড্রিয়ান এস্পোজিটো) বলেন, "আমরা অনেক আনন্দিত যে NY আমাদের স্টেটের চলমান ক্লিন এনার্জির ভবিষ্যতে ট্রানজিশনের ক্ষেত্রে আরেকটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ গ্রহণ করেছে। রিনিউয়েবল এনার্জি এবং জলবায়ুর পদক্ষেপের ব্যাপারে জাতীয় গতিবেগ ধীর হয়ে যাচ্ছে, এই সময় নিউ ইয়র্কের মতো স্টেটগুলির নেতৃত্ব আগের যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। নেতৃত্ব গুরুত্বপূর্ণ এবং NY-কে এমন একটি 21 শতকের এনার্জি ইনফ্রাস্ট্রাকচার পরিকল্পনা প্রতিষ্ঠা করার পথে এগিয়ে যেতে হবে যা নিয়ে আমরা সবাই গর্ব করতে পারবো! এই প্রজেক্টগুলি নির্ভরযোগ্য, স্থানীয়ভাবে উৎপন্ন ক্লিন এনার্জি কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছে দিবে, স্টেটের উচ্চাকাঙ্ক্ষী রিনিউয়েবল এনার্জি লক্ষ্য পূরণে সাহায্য করবে এবং একই সাথে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করবে, আমাদের অর্থনীতিকে জোরদার করবে, এবং দীর্ঘমেয়াদি এনার্জির নিরাপত্তা বাড়াবে। আমাদের পরিবেশ এবং আমাদের কমিউনিটি উভয়ের জন্য লাভজনক অতি গুরুত্বপূর্ণ রিনিউয়েবল এনার্জি প্রজেক্ট অগ্রসর করার ব্যাপারে গভর্নর Hochul এবং NYSERDA-এর প্রতিশ্রুতির জন্য CCE তাদের প্রশংসা করছে।"

Advanced Energy United-এর নিউ ইয়র্ক পলিসির নেতা Kristina Persaud (ক্রিস্টিনা পারসাউড) বলেন, "নিউ ইয়র্কের ক্লিন এনার্জির ভবিষ্যতের জন্য এটি একটি দারুণ মাইলফলক। বড় আকারের এই রিনিউয়েবল এনার্জি প্রজেক্টগুলি পুরো স্টেটের কমিউনিটিগুলির জন্য বাস্তব অর্থনৈতিক সুবিধা নিয়ে আসবে। এই প্রজেক্টগুলি শুধু ক্লিন পাওয়ার দিবে না, বরং এছাড়াও নিউ ইয়র্কবাসীর জন্য মাণসম্পন্ন চাকরি দিবে। একই সময়ে এগুলি দ্রুত বিকাশমান ক্লিন এনার্জি খাতে নিউ ইয়র্কের নেতৃত্বকে জোরদার করবে, স্টেটকে বিশ্বের বাজারে প্রতিযোগিতা করার অবস্থানে রাখবে এবং একটি আধুনিক এনার্জি অর্থনীতির দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সুবিধা ভোগ করবে।"

এই প্রজেক্টগুলি নিউ ইয়র্কের বড় আকারের রিনিউয়েবল এনার্জি প্রজেক্টের শক্তিশালী পাইপলাইনে যুক্ত হবে, যা এখন পরিচালিত হচ্ছে বা নির্মিত হচ্ছে এমন প্রায় 100টি সোলার, ভূমিতে অবস্থিত উইন্ড, হাইড্রোইলেকট্রিক, এবং অফশোর উইন্ড প্রজেক্ট নিয়ে গঠিত, যেগুলি গ্রিডে আনুমানিক 10 গিগাওয়াট ক্লিন পাওয়ার দিবে, যা নিউ ইয়র্কের 3.3 মিলিয়ন বাসার জন্য যথেষ্ট পাওয়ার। এই প্রায় 100টি প্রজেক্টের মধ্যে এক গিগাওয়াট ক্ষমতার বেশি এখন নির্মিত হচ্ছে, যার কাজ শেষ হলে বর্তমানে গ্রিডে 1.4 গিগাওয়াট ক্লিন এনার্জি দিতে থাকা সক্রিয় 31টি প্রজেক্ট, যা নিউ ইয়র্কের প্রায় অর্ধ মিলিয়ন বাসায় পাওয়ার সাপ্লাই করছে, সেগুলির সাথে যুক্ত হবে।

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা এমন একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একটি সাশ্রয়ী মূল্যের এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, পরিবেশ অনুকূল বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ায় এবং তাদের সুবিধাগুলির কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে প্রদান করার জন্য নির্দেশ করে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে একটি নির্গমন-মুক্ত অর্থনীতি অর্জনের জন্য অনেক প্রচেষ্টার উন্নতি করছে, যার মধ্যে শক্তি, ভবন, পরিবহণ এবং বর্জ্য খাতগুলি অন্তর্ভুক্ত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন